

(প্রেস বিজ্ঞপ্তি)

৭ আগস্ট ২০২২ খ্রি.

চসিক ভ্রাম্যমাণ আদালত

২ শতাব্দিক দোকানপাট উচ্ছেদ

১১ ব্যক্তিকে ৪২ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর জিইসি মোড়, গোলপাহাড় মোড়, এশিয়ান হাইওয়ে শুলকবহর হয়ে বহুদারহাট কাঁচাবাজার ও মোড় এবং শাহ আমানত সেতু সড়কের নতুন চান্দগাঁও থানা পর্যন্ত রাস্তা ও ফুটপাথের উভয় পার্শ্বের বিভিন্ন অবৈধ স্থাপনাসহ দুই শতাব্দিক দোকানপাট উচ্ছেদ করে রাস্তা ও ফুটপাথ অবৈধ দখলমুক্ত করা হয়। ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রাস্তা ও ফুটপাথ রেখে যান ও জন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এই অভিযানে আরো অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা জুনাইদ কবির সোহাগ।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর এক অভিযানে ফিরিঙ্গীবাজার এলাকার বিভিন্ন সড়কের উভয় পার্শ্বের রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল ও নির্মাণ সামগ্রী রাখার দায়ে ৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে ফিরিঙ্গীবাজার এলাকায় নির্মাণাধীন ভবনের নীচে এডিস মশা বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় উক্ত পানি ভ্রাম্যমাণ আদালতের উপস্থিতিতে নিষ্কাশনের ব্যবস্থা করা হয় এবং আগামীতে পানি জমা থাকলে তা দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা নেওয়ার জন্য ভবন মালিককে নির্দেশনা প্রদান করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও আনসার ব্যাটালিয়ন সদস্যরা ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩